কর্পোরেশন বা পৌরসভা হইতে হস্তান্তরিত হইয়াছিল সেই কর্পোরেশন বা পৌরসভার নিকট পুনরায় হস্তান্তর করিতে পারিবে এবং এইরূপ প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে উক্তরূপ পানি, পয়ঃ বা বৃষ্টির পানি সংক্রান্ত স্থাপনাদি সরকার অথবা কর্পোরেশন অথবা পৌরসভায় পুনঃহস্তান্তরিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৬) উপ-ধারা (৫) এর অধীনে প্রজ্ঞাপন জারীর পর কর্তৃপক্ষ প্রজ্ঞাপনে উল্লিখিত পানি, পয়ঃ বা বৃষ্টির পানি সংক্রান্ত স্থাপনার ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ যত শীঘ্র সম্ভব, কিন্তু অনধিক এক মাসের মধ্যে, সরকার কর্তৃক নির্ধারিত শর্তে, সরকার অথবা কর্পোরেশন অথবা, ক্ষেত্রমত, পৌরসভার নিকট পুনঃহস্তান্তর করিবে এবং কর্তৃপক্ষ উক্তরূপ পুনঃহস্তান্তরের তারিখ হইতে উক্ত স্থাপনা বা সেবা বাবদ কোন অভিকর বা চার্জ আরোপ ও আদায় করা হইতে বিরত থাকিবে।

(৭) সরকার কোন নূতন এলাকা কর্তৃপক্ষের এখতিয়ারাধীন এলাকার সহিত সংযুক্ত করিতে অথবা কোন নূতন সেবা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবে এবং উক্তরূপ সংযুক্তি বা হস্তান্তরের পর যদি কর্তৃপক্ষ কর্তৃক উক্ত এলাকায় আরোপিত অভিকর হইতে তথায় প্রদত্ত সেবার জন্য প্রয়োজনীয় ব্যয় মিটানো না যায় তাহা হইলে সরকার আরোপিত অভিকর যে পরিমাণে উক্তরূপ ব্যয় হইতে কম হয় সে পরিমাণ অর্থ কর্তৃপক্ষকে অনুদান হিসাবে প্রদান করিবে।

**নির্দেশ দেওয়ার ক্ষমতা**

২০। এই আইনের ধারা ১৮ অথবা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সময় সময়, উভয় পক্ষের সম্মত শর্তে, কোন কর্পোরেশন বা পৌরসভা কর্তৃক সংরক্ষিত কোন পানি সরবরাহ বা পয়ঃপ্রণালী ব্যবস্থা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে ও ব্যবস্থাপনায় হস্তান্তর করার নির্দেশ দিতে পারিবে।

**প্রদত্ত সেবার জন্য অভিকর আরোপের ক্ষমতা**

২১। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বিধি দ্বারা নির্ধারিত প্রণালীতে, উহার সেবার জন্য পানি অভিকর, পয়ঃঅভিকর ও বৃষ্টি-পানি নিষ্কাশন অভিকর আরোপ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোন এলাকায় পানি সরবরাহ বা পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা না করা পর্যন্ত এবং তজ্জন্য আরোপনীয় অভিকর বোর্ড কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত উক্ত এলাকায় কোন পানি অভিকর, বা পয়ঃঅভিকর বা বৃষ্টি-পানি নিষ্কাশন অভিকর আরোপ ও আদায় করা যাইবে না:

আরও শর্ত থাকে যে, সরকার ইচ্ছা করিলে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা ধর্মীয় উপাসনালয়কে পানি অভিকর, পয়ঃঅভিকর ও বৃষ্টি-পানি অভিকর আরোপ ও আদায় হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে। তবে উক্তরূপ অব্যাহতির জন্য সরকার কর্তৃক কর্তৃপক্ষকে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে।